



# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

(সাধারণ পরিচর্যা বিভাগ)

website: www.badc.gov.bd

স্মারক নং- ১২.২০৬.০১০.০০.০০.৬৫৩.২০১৬- ১০৮৮

তারিখ: ১৬ শ্রাবণ, ১৪২৪  
৩১ জুলাই, ২০১৭


**বিষয়: বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের জন্য কর্পোরেট মোবাইল সীম কার্ড বরাদ্দ প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সংস্থার সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মধ্যে যোগাযোগ সহজীকরণ এবং কমমূল্যে কথোপকথনের লক্ষ্যে কর্পোরেট মোবাইল সীম কার্ড সংযুক্ত তালিকা মোতাবেক (সংযুক্তি-১) বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত কর্পোরেট মোবাইল নম্বরসমূহের সংযুক্তি-১ এর পূর্ণাঙ্গ তালিকাটি সংস্থার ওয়েব সাইট ([www.badc.gov.bd](http://www.badc.gov.bd)) হতে সংগ্রহ করা যাবে। উল্লেখ্য যে, মোবাইল সীম কার্ড ব্যবহারের ক্ষেত্রে কর্পোরেট সীম ব্যবহারের নিম্নবর্ণিত নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করতে হবে:

- বিএডিসি'র সকল কর্মকর্তাগণ তাদের দৈনন্দিন দাপ্তরিক ও অন্যান্য যোগাযোগের ক্ষেত্রে সরবরাহকৃত সীম Communication Tools হিসেবে ব্যবহার করবেন। সীম কার্ডটি Inactive রয়েছে। সীম কার্ডটি মোবাইল সেটে প্রবেশ করানোর পর 123 ডায়াল করে Active করে নিতে হবে;
- ব্যবহৃত কর্পোরেট সীমের ইন্টারনেট বিলসহ যাবতীয় খরচ ব্যবহারকারী বহন করতে হবে;
- কোন কর্মকর্তা কর্মস্থল হতে বদলি/ চাকুরি হতে অবসর গ্রহন/ চাকুরি হতে দীর্ঘ সময়ের জন্য প্রশিক্ষণে গমন/ বিদেশে অবস্থান করলে দায়িত্ব গ্রহণকারী কর্মকর্তা/ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট কর্পোরেট সীম হস্তান্তর করতে হবে;
- কর্পোরেট সীমটি পরিবর্তন যোগ্য নহে। সাধারণ পরিচর্যা বিভাগ কর্তৃক নির্ধারিত মোবাইল নম্বরটি পদাধিকারবলে যে দপ্তর এবং পদের বিপরীতে বরাদ্দ প্রদান করা হয়েছে সেই দপ্তর এবং পদে দায়িত্বরত কর্মকর্তাই বরাদ্দকৃত সীমটি ব্যবহার করবেন;
- সীম হারিয়ে গেলে নিকটবর্তী থানায় সাধারণ ডায়েরিপূর্বক নিকটবর্তী বাংলালিংক পয়েন্টে যোগাযোগ করে সীম উত্তোলনের উদ্যোগ গ্রহণ করবেন। এ বিষয়ে সমস্যার সম্মুখীন হলে উপসচিব (সাধারণ পরিচর্যা), মোবাইল নম্বর: ০১৯৯৮৭৭০০৮০ অথবা ই-মেইল: [js\\_cs@badc.gov.bd](mailto:js_cs@badc.gov.bd) এর মাধ্যমে যোগাযোগ করবেন অথবা উপসচিব (সাধারণ পরিচর্যা) কে অবহিতপূর্বক বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশনস লিমিটেড এর কর্পোরেট একাউন্ট ম্যানেজার, জনাব মোঃ সালমান রেজা, মোবাইল নং- ০১৯৬ ২৪০০০৫৩ এর সাথে যোগাযোগ করতে হবে;

এমতাবস্থায়, বরাদ্দকৃত কর্পোরেট মোবাইল সীম কার্ডগুলো ব্যবহার নিশ্চিতকরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

  
 (মোহাম্মদ জাকিরুল ইসলাম)  
 পরিচিতি নম্বর-০১০০২৬  
 যুগ্মসচিব (সাঃ পঃ)  
 বিএডিসি, ঢাকা।  
 ফোন: ০২-৯৫৫১৭১১  
 মোবাইল: ০১৯৯৮৭৭০০৩১  
 ই-মেইল: [js\\_cs@badc.gov.bd](mailto:js_cs@badc.gov.bd)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. ...., বিএডিসি, ঢাকা।  
সকল বিভাগীয়/প্রকল্প প্রধান (বরাদ্দকৃত কর্পোরেট মোবাইল নম্বরসমূহের সংযুক্তি-১ এর পূর্ণাঙ্গ তালিকা সংস্থার ওয়েব সাইট ([www.badc.gov.bd](http://www.badc.gov.bd)) হতে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।)
২. উপপ্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা (বরাদ্দকৃত কর্পোরেট মোবাইল নম্বরসহ সংস্থার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. জনাব নেসার ইউসুফ, বিটুবি বিজনেস ডিরেক্টর, বাংলালিংক, টাইগারস ডেন, গুলশান-১ (বিএডিসি'র কর্পোরেট মোবাইল সীম ব্যবহারকারীগণের নিরবচ্ছিন্ন সার্ভিস প্রদান নিশ্চিত করার অনুরোধসহ)।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
২. সদস্য পরিচালক (অর্থ/ বীজ ও উদ্যান/ ক্ষুদ্রসেচ/ সার ব্যবস্থাপনা) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩. সচিব মহোদয়ের সহঃ ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৪. অফিস কপি/ মাস্টার ফাইল।